দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

Saturday 1 November 2025





*গার্ল গাইডস্ এসোসিয়েশন, চট্টগ্রাম অঞ্চলের ব্রেস্ট ক্যান্সার সচেতনতা কর্মশালার সমাপনী দিনের অনুষ্ঠানে বক্তব্য রাখছেন চট্টগ্রাম কলেজের অধ্যক্ষ প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী*

# ব্রেস্ট ক্যান্সার সচেতনতা কর্মশালা গার্ল গাইডস এসোসিয়েশন চট্টগ্রাম অঞ্চলের

অক্টোবর ২০২৫ 'ব্রেস্ট ক্যান্সার সচেতনতা' মাস। বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, চট্টগ্রাম অঞ্চলের উদ্যোগে এ উপলক্ষে 'ব্রেস্ট ক্যান্সার সচেতনতা কর্মশালা ২০২৫' অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম কলেজ অঙ্গনে গতকাল ৩১ অক্টোবর কর্মশালার সমাপনী দিনে গাইড সদস্য ও চট্টগ্রাম এবং রাঙামাটি জেলার ১৬৫ জন রেঞ্জারের অংশগ্রহণ ছিল উল্লেখযোগ্য। অনুষ্ঠানে গাইডিংয়ের উদ্দেশ্য ও সমাজসেবায় রেঞ্জার ইউনিটের ভূমিকা নিয়ে আলোচনা করেন চট্টগ্রাম অঞ্চলের আঞ্চলিক রেঞ্জার উপদেষ্টা এবং অতিরিক্ত আঞ্চলিক কমিশনার প্রফেসর রীতা দত্ত। ব্রেস্ট ক্যান্সার বিষয়ে মূল সেশন প্রদান করেন মেরিন সিটি মেডিকেল কলেজের এনাটমি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ডা. সুলতানা রুমা আলম। তিনি প্রাথমিক পর্যায়ে সচেতনতা ও নিয়মিত স্বাস্থ্য পরীক্ষার গুরুত্ব তুলে ধরেন। এবারের 'ব্রেস্ট ক্যান্সার সচেতনতা' মাসের থিম ছিল Every Story is Unique, Every Journey Matters সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম কলেজের অধ্যক্ষ প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী। এছাড়াও চট্টগ্রাম আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্যদের মধ্যে বক্তব্য রাখেন মোশফেকা আক্তার চৌধুরী, নাজনীন হক চৌধুরী, কাজী খায়রুন্নেসা আকতার ও চৌধুরী ফাহমী নাহিদা নাজনীন প্রমুখ। দিনব্যাপী বিষয়ভিত্তিক আলোচনা, র‍্যালি এবং ট্যাপস কর্মসূচির সমাপ্তি হয়।-বিজ্ঞপ্তি